

জাতীয়

বাংলাদেশ-আমিরাত সম্পর্ক জোরদারে প্রধানমন্ত্রীর সঙ্গে রাষ্ট্রদূতের সাক্ষাৎ



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২৯ সেপ্টেম্বর ২০২৬, ০৫:০১ PM



বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদার এবং পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর বিষয়ে আলোচনা করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান ও ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত আবদুল্লাহ আলী খাসেইফ আলহামুদি।


মঙ্গলবার (২৯ সেপ্টেম্বর) বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন আমিরাতের রাষ্ট্রদূত। ঢাকাস্থ সংযুক্ত আরব আমিরাত দূতাবাস তাদের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে এ তথ্য জানিয়েছে।

বৈঠকে দুই দেশের উন্নয়ন, অর্থনৈতিক সমৃদ্ধি এবং অভিন্ন লক্ষ্য অর্জনে সহযোগিতা বাড়ানোর উপায় নিয়ে আলোচনা হয়।

পোস্টে বলা হয়, পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করার বিষয়ে বৈঠকে গুরুত্ব দেওয়া হয়েছে। এর মাধ্যমে দুই দেশের সম্পর্ক আরও এগিয়ে নেওয়ার প্রত্যাশা ব্যক্ত করা হয়।



মেরুলে রাজউকের ১১ একর জমি ২১ বছর ধরে দখলে, নেই উদ্ধার উদ্যোগ
রাজধানীর মেরুল বাড্ডায় মূল সভূক্তের পাশে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের (রাজউক) ১১ একর জমি ২১ বছর ধরে দখলে রয়েছে। রাজউকের নথি অনুযায়ী, জমিটির বর্তম...



জিয়াউর রহমানের আদর্শে শিশুদের সূনাগরিক হওয়ার আহ্বান
শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ধারণ করে শিশুদের দেশপ্রেমিক ও সূনাগরিক হিসেবে গড়ে ওঠার আহ্বান জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও স...



আগুন ও যান্ত্রিক ত্রুটিতে বড়পুকুরিয়ার দুই ইউনিট বন্ধ
দিনাজপুরের বড়পুকুরিয়া কয়লাভিত্তিক তাপবিদ্যুৎ কেন্দ্রের চালু থাকা ১ ও ৩ নম্বর ইউনিট বন্ধ হয়ে গেছে। অগ্নিকাণ্ড ও যান্ত্রিক ত্রুটির কারণে ইউনিট...



ঢাকায় বৃষ্টির আভাস নেই, বাড়তে পারে তাপমাত্রা
রাজধানী ঢাকা ও আশপাশের এলাকায় বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা নেই। তবে আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলা থাকতে পারে। একই
সঙ্গে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকত....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/bangladesh-amirat-smpk-jordare-prdhanmntir-sngge-rashtduter-sakshat>